



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা

An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং-এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪(১)/২৬৬৬

তারিখ: ২১/০৮/২০২৪

মো: মনোয়ার হোসেন বাবুল

আইডি নং: ০৬৮৮

ক্লাস্টার অফিসার

আরইএলআই-০২, বোলাই ক্লাস্টার, কিশোরগঞ্জ

পূর্বের পদ, কর্মস্থল ও প্রকল্পের নাম: ক্লাস্টার ফ্যাসিলিটেশন, ০১ নং সড়কের বাজার ক্লাস্টার, কানাইঘাট, সিলেট, এনজেএলআইপি।

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র: তদন্ত প্রতিবেদন, তারিখ: ১৭/১২/২০২৩;

যেহেতু, আপনি জনাব মো: মনোয়ার হোসেন বাবুল, পূর্বের কর্মস্থলে অর্থাৎ এনজেএলআইপি প্রকল্পে ক্লাস্টার ফ্যাসিলিটেশন পদে কর্মরত থাকা কালে আপনার দায়িত্বাধীন ভবানীগঞ্জ গ্রাম সমিতি হতে সদস্য সাফিয়ার স্বামী মখলিছ ৫৬ জন সদস্যের নামে ৫৬ টি, হাবিবা ৮ জন সদস্যের নামে ০৮ টি, জিলেখা ৭ জন সদস্যের নামে ০৭ টি, রাহেলা (সভাপতি) ৯ জন সদস্যের নামে ৯ টি ঋণ বিতরণ করেছেন এবং গ্রাম সমিতির ফান্ডে অর্থ না থাকলে অন্য গ্রাম সমিতি হতে অর্থ নিয়ে নিয়ম বহির্ভূতভাবে জমা করতেন, যা সংস্থার কমিউনিটি অপারেশনাল ম্যানুয়েল (কম) -এর নীতিমালা বহির্ভূত এবং যা আপনার অর্পিত দায়িত্ব পালনে চরম অবহেলার শামিল;

যেহেতু, আপনার দায়িত্বাধীন মাঝরচটি গ্রামের ভিসিও লিডার (মারদিয়া), সেক্রেটারী (ফাহিমা) এবং জিএস ক্যাশিয়ার (আফিয়া) বিগত ২১.১০.২০২১ তারিখে সদস্য হাসরির স্বামী আব্দুল জলিল, পিআইপি নং:১৪০ এর নামে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা ঋণ হিসেবে উত্তোলন করে উক্ত ঋণের টাকা আপনার কাছে হস্তমজুদ রাখেন, যা বিধি বহির্ভূত এবং আর্থিক অনিয়মের শামিল;


যেহেতু, আপনি মাঝরচটি গ্রামের ভিসিও লিডার (মারদিয়া) ফেব্রুয়ারী ২০২২ এ মাতৃত্বকালীন ছুটিতে গেলে আপনার পছন্দমত অন্য গ্রাম সমিতি (লন্তিরমাটি) -এর সদস্য এবং এনজেসিএস ক্যাশিয়ার শাহিনাকে ঋণ প্রদান, কিস্তি ও সঞ্চয় আদায় এবং তা জমা করার দায়িত্ব প্রদান করেন। আপনার সহযোগিতায় সদস্য শাহিনা বিভিন্ন ব্যক্তির নামে ভূয়া ঋণ বাবদ ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করে হস্তমজুদ রাখেন, আপনার দায়িত্বাধীন মাঝরচটি গ্রামের এহেন আর্থিক অনিয়ম কম বুকলেট বহির্ভূত এবং অফিস শৃংখলা ভঙ্গসহ গুরুতর অসদাচরণের শামিল;

যেহেতু, প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত তদন্তে আপনার পূর্বের কর্মস্থলে অর্থাৎ সিলেট জেলার এনজেএলআইপি প্রকল্পে আপনার দায়িত্বাধীন গ্রাম সমিতিসমূহে আর্থিক অনিয়মের সত্যতা পাওয়া গেছে;

যেহেতু, আপনার এহেন আর্থিক অনিয়ম, কম বুকলেট বহির্ভূত কর্মকাণ্ড, দায়িত্বহীনতা, অফিস শৃংখলা ভঙ্গ এবং সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ করা ইত্যাদি এসডিএফ-এর HR Policy and Manual - অনুযায়ী চাকরী হতে বরখাস্তকরণসহ শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, এসডিএফ-এর HR Policy and Manual -অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ আগামী ০১/০৯/২০২৪ তারিখের মধ্যে লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক একতরফা ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।


২০-০৮-২৪

এস. এম. তওফিকুর রহমান

মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ



অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

- (১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- (২) আঞ্চলিক পরিচালক, এসডিএফ, কুমিল্লা, ময়মনসিংহ। যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- (৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, কিশোরগঞ্জ।
- (৪) ব্যক্তিগত নথি।